# রূপগঞ্জে মশাল মিছিল: চাঁদাবাজি-সন্ত্রাসের বিরুদ্ধে ছাত্র-জনতার প্রতিবাদ



সংগৃহীত ছবি

চাঁদাবাজি, সন্ত্রাস ও অপরাধমূলক কর্মকাণ্ডের প্রতিবাদে রূপগঞ্জে ছাত্র ও সাধারণ জনতা একত্রিত হয়ে মশাল মিছিল করেছে। রোববার (১৩ জুলাই) রাতে ঢাকা-সিলেট মহাসড়কের ভুলতা ও গোলাকান্দাইল এলাকায় এই মিছিল অনুষ্ঠিত হয়।

LENS ASIA

মশাল হাতে অংশগ্রহণকারীরা প্রায় এক কিলোমিটারজুড়ে সড়ক প্রদক্ষিণ করে ভুলতা গোলচত্বর এলাকায় এসে জমায়েত হন। সেখানে একটি সংক্ষিপ্ত প্রতিবাদ সমাবেশের আয়োজন করা হয়।

সমাবেশে বক্তব্য রাখেন—

বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদের সহ-সভাপতি মো. কাউছার আলী, ইসলামী আন্দোলন বাংলাদেশ রূপগঞ্জ শাখার সভাপতি মাওলানা এমদাদুল্লাহ হাসেমী, জাতীয় নাগরিক কমিটির সদস্য জোনায়েদ আনজুম হৃদয়, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নারায়ণগঞ্জ জেলা শাখার সিনিয়র যুগ্ম আহ্বায়ক জুনায়েদ আহমেদ আকাশ ও যুগ্ম সদস্য সচিব ইফতেখার ভূঁইয়া রিদ্বীনসহ অন্যান্য নেতৃবৃন্দ।

বক্তারা অভিযোগ করেন, বর্তমান সরকার নাগরিক অধিকার হরণ করে দেশজুড়ে দুঃশাসন প্রতিষ্ঠা করেছে। তারা বলেন, চাঁদাবাজি, সন্ত্রাস, ধর্ষণ ও হত্যা আজ সাধারণ মানুষের নিত্যদিনের আশঙ্কায় পরিণত হয়েছে। এসব অনিয়ম ও অপরাধের বিরুদ্ধে ছাত্রসমাজসহ সচেতন জনতা আর চুপ করে থাকবে না।

তারা আরও বলেন, রাষ্ট্রীয় নিপীড়ন, দুর্নীতি ও লুটপাট বন্ধে রাজপথেই চলবে প্রতিরোধ। গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা এবং জনগণের অধিকার রক্ষায় ছাত্র-জনতা মিলিতভাবে দুর্বার আন্দোলন গড়ে তুলবে।